DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 08:16 PM

রাজনীতি

# নির্বাচনে ষড়যন্ত্রের অভিযোগ, ইউনুস সরকারও দায়ী: জামায়াত আমির

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বুধবার, ০৮ জুলাই ২০২৬, ০৩:৫৭ PM



নির্বাচনে ষড়যন্ত্র করে ১১ দলকে হারানো হয়েছে বলে দাবি করেছেন জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীর আমির ও সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান অভিযোগ করেছেন, নির্বাচনে ষড়যন্ত্র করে ১১ দলকে হারানো হয়েছে। একই সঙ্গে তিনি দাবি করেন, এ ঘটনায় ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারও দায়ী।

বুধবার (৮ জুলাই) রাজধানীর কাকরাইলে ১১ দলের উদ্যোগে আয়োজিত জুলাই গণঅভ্যুত্থানের চেতনা, গণভোটের রায় বাস্তবায়ন এবং জুলাই গণহত্যাকারীদের বিচার শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন।

ডা. শফিকুর রহমান বলেন, আমরা নির্বাচন চেয়েছি। কিন্তু নির্বাচনের নামে ষড়যন্ত্র চাইনি। পরিকল্পিতভাবে ষড়যন্ত্র করা হয়েছে। আমরা এর তীব্র নিন্দা জানাই।

তিনি আরও বলেন, “অন্তর্বর্তী সরকারের পরিচয় ছিল নিরপেক্ষ। কিন্তু তারাও এই ষড়যন্ত্রে শরিক ছিল। তারা নিজেরাই তা স্বীকার করেছেন।”

তিনি অভিযোগ করে বলেন, “গণভোটের রায় বাস্তবায়ন না করে বিএনপি জাতির সঙ্গে অন্তহীন প্রতারণা করেছে।”

ডা. শফিকুর রহমান আরও বলেন, “নতুন বা পুরোনো—কোনো ধরনের ফ্যাসিবাদ মেনে নেওয়া হবে না। জনগণের অধিকারের প্রশ্নে আমরা চুল পরিমাণও ছাড় দেব না।”

---

## এ বিভাগের আরও খবর



**ফারাক্কার চেয়ে বড় মরণফাঁদ হচ্ছে নেতৃত্ব সংস্কারের গুরুত্ব অনুধাবনে ব্যর্থতা**
জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, ফারাক্কা বাংলাদেশের সবচেয়ে বড় মরণফাঁদ। কিন্তু আমার কাছে আরও বড় মরণফ...



**ফারাক্কার চেয়ে বড় মরণফাঁদ হচ্ছে নেতৃত্ব সংস্কারের গুরুত্ব অনুধাবনে ব্যর্থতা**
জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসির উদ্দীন পাটোয়ারী বলেছেন, ফারাক্কা বাংলাদেশের সবচেয়ে বড় মরণফাঁদ। কিন্তু আমার কাছে আরও বড় মরণ...




**বন্যায় এনসিপির দক্ষিণাঞ্চলের জুলাই পদযাত্রা ১৮ জুলাই পর্যন্ত স্থগিত**
চট্টগ্রামসহ দেশের বিভিন্ন জেলায় চলমান বন্যায় প্রাণহানি ও জনজীবনে ব্যাপক বিপর্যয়ের প্রেক্ষাপটে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের জু...




**আমরা জুলাই শহীদদের কাছে চিরঋণী : জামায়াত আমির**

বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, জুলাই আন্দোলনের শহীদরা নিজেদের বুকের তাজা রক্ত দিয়ে এ জাতিকে এক মহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/politics/nirbachne-shrjntrer-obhipg-iunus-srkaro-dayi-jamayat-amir